

বাংলাদেশ ব্যাংক

Website: www.bangladesh-bank.org
www.bangladeshbank.org.bd

প্রধান কার্যালয়
ডাকবাংলা নং ৩২৫
ঢাকা।

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার নং- ০৭

তারিখঃ ০৯ ভাদ্র, ১৪১৭
২৪ আগস্ট, ২০১০

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী।

প্রিয় মহোদয়,

Mainstreaming Corporate Social Responsibility (CSR) in banks in Bangladesh

উপর্যুক্ত বিষয়ে ০১/০৬/২০০৮ তারিখে ইস্যুকৃত ডিওএস সার্কুলার নং-০১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০১। দেশের বৃহত্তর জনগোষ্ঠীর মধ্যে বিরাজমান অসাম্য, বঞ্চনা ও দারিদ্র্য দূরীকরণ এবং সুবিধাবঞ্চিত জনসাধারণের জীবনযাত্রার মানোন্নয়নে শিক্ষার গুরুত্ব বিবেচনায় সাধারণ গরীব মুক্তিযোদ্ধার সন্তানসহ দরিদ্র শ্রেণীর মেধাবী শিক্ষার্থীদের মধ্যে কারিগরি শিক্ষা এবং মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, স্নাতক, স্নাতক (সম্মান), স্নাতকোত্তর ও উচ্চ শিক্ষা (এমফিল ও পিএইচডি) পর্যায়ের আর্থিক সহায়তা (বৃত্তি) প্রদানের পাশাপাশি সুদবিহীন ঋণ প্রদান কর্মসূচীসহ নতুন নতুন কার্যক্রম পরিচালনা করা আবশ্যিক।

০২। এ প্রেক্ষিতে আপনাদের ব্যাংকের Corporate Social Responsibility (CSR) এর আওতায় শিক্ষা ক্ষেত্রে প্রচলিত কার্যক্রমের পরিধি বিস্তৃত করে গরীব মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য শিক্ষা বৃত্তি অথবা আর্থিক অনুদান প্রদানসহ দেশের অনগ্রসর ও প্রত্যন্ত অঞ্চলে (চর, হাওড়, উপকূলীয় অঞ্চল) দরিদ্র শিক্ষার্থীদের মধ্যে শিক্ষা সংক্রান্ত কার্যক্রমের ব্যাপকতা বৃদ্ধির জন্য অনুরোধ করা যাচ্ছে।

০৩। ডিওএস সার্কুলার নং-০১/২০০৮ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অনুসরণ অব্যাহত থাকবে।

০৪। অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-

(সুলতান আহাম্মদ)

মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৩৭৬